



স্মারকনং- ৩৩.০১.৬১৫২.০০০.০০৪ ২০.২১-৩১৬

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA)

সংযুক্তরণ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়

সদর, ময়মনসিংহ।

[www.dls.gov.bd](http://www.dls.gov.bd)


তারিখ : ০৫/১২/২০২১ ইং

#### নোটিশ

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় “ প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প” এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলার সকল ইউনিয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাসচাষে উন্নুন্দৰণ, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্ববধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রতি উপজেলার ০১(এক) জন করে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্ত করা হইবে। নিম্নোক্ত শর্তাবলী পুরন করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি -২কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ বৈবাহিক অবস্থা, ধর্ম মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, ও অভিজ্ঞতা (যদি থাকে) সম্পৃক্ত তথ্যাদিসহ দরখাস্ত আহবান করা হলো। আঞ্চলীয়ের আগামী ১৪/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বরূপকারীর দণ্ডের চাহিত তথ্যাদিসহ দরখাস্ত জমাদারের জন্য অনুরোধ করা হলো।

#### শর্তাবলী :

- ১। ডিপিপির সংস্থান মোতাবেক ভাতা / পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্ববধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- (তিনিশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দণ্ডের সাথে সম্পৃক্ত হতে আঞ্চলীয় হতে হবে।
- ২। সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা, নৃন্যতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুনাবলী সম্পন্ন, এলাকায় সুপরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
- ৩। নিজে গবাদিপশু পালন ও ঘাসচাষে আঞ্চলীয় এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাস সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দণ্ডের সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে আঞ্চলীয় হতে হবে।
- ৪। উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয় বিক্রয় কেন্দ্র/বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আঞ্চলীয় হতে হবে।
- ৫। প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পূর্ণ করতে আঞ্চলীয় হতে হবে।
- ৬। অফিস সময়ে কর্মসূলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
- ৭। আবেদনকারীর বয়স কমপক্ষে ২০-৪৫ বছর এর মধ্যে হতে হবে তবে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন সমাঙ্গ উন্নয়ন প্রকল্প সমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অধাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ৮। অধিদপ্তরাধীন চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পের কোন সুবিধাভোগীকে এ প্রকল্পের আওতায় সুফলভোগী হিসাবে নির্বাচিত করা যাবেনা।
- ৯। আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃত ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১০। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে প্রালোচনের মানসিকতা থাকতে হবে।

  
(ডঃ মোঃ আবুল হাসান হাবিব)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সদর, ময়মনসিংহ।

ও

সদস্য সচিব

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন করিটি।

তারিখ : ০৫/১২/২০২১ ইং


স্মারকনং- ৩৩.০১.৬১৫২.০০০.০০৪ . ২০.২১-৩১৬(৪)(৩)

বিজ্ঞপ্তি আপনার দণ্ডের নোটিশ বোর্ড টানানোর জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো।

- ১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ।
- ২। উপজেলা নির্বাচী অফিসার, সদর, ময়মনসিংহ।
- ৩। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর, ময়মনসিংহ।
- ৪। নোটিশ বোর্ড, অত্ব দণ্ডে।

অনলিপি :

- ১। জেলা প্রাণিসম্পদ অফিসার, ময়মনসিংহ।
- ২। পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। অফিস নথি।

  
Md. Abul Hasan Habib  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
সদর, ময়মনসিংহ।